২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক "খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ফিডব্যাক ও ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর ২৭.০৪.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত খাদ্য মন্ত্রণালয়ের কর্মশালার র‍্যাপোর্টিয়ার্স রিপোর্ট"

তারিখঃ ২৭.০৪.২০২৩ খ্রি.
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক "খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ফিডব্যাক ও মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর ২৭.০৪.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত কর্মশালা সকাল ১১.০০ ঘটিকা খ্যদ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপক জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি, সচিব, খাদ্য মন্ত্রণালয় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে কর্মশালার শুভ উদ্বোধন করেন।

উক্ত কর্মশালায় আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ড. সালমা মমতাজ অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয় ও সঞ্চালক হিসাবে উপস্থিত ছিলেন জনাব সৌরেন্দ্র নাথ সাহা, যুগ্মসচিব ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। এছাড়াও অংশগ্রহণকারী হিসাবে খাদ্য মন্ত্রণালয়ের ১ম শ্রেণীর সংশ্লিষ্ট কর্মকর্তা, খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রবন্ধ উপস্থাপনঃ জনাব মো: ইসমাইল হোসেন এনডিসি, সচিব খাদ্য মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপকিল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন। আলোচনা পর্বে জনাব সৌরেন্দ্র নাথ সাহা, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দেশক্রমে খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি বলেন যে, নৈতিকতা কমিটির সভায় কর্মপরিকল্পনার বাইরেও যে সকল কার্যক্রমে জনভোগান্তি আছে বা শুদ্ধাচার এর ঘাটতি রয়েছে, দুর্নীতি এবং সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হবে, বাস্তবায়নযোগ্য এমন কর্মপরিকল্পনা গ্রহণ করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। গৃহিত পরিকল্পনার গুণগতমান বিবেচনায় মূল্যায়নের বিধান রয়েছে মর্মে কর্মশালায় অবহিত করেন।

প্যানেল আলোচকের আলোচনাঃ

খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপকিল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের উপর অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট), অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম বিষয়ে বিভিন্ন মতামত তুলে ধরে বিভিন্ন সুপারিশ প্রস্তাব করেন। এছাড়া শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। এছাড়াও ২০২৩-২০২৪ অর্থ বছরে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র মোতাবেক শুদ্ধাচার প্রতিষ্ঠায় দুর্নীতি প্রতিরোধে কি কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়েও বিশদ আলোচনায় অংশগ্রহণ করেন।

মুক্ত আলোচনাঃ

মুক্ত আলোচনা পর্বে মহাপরিচালক খাদ্য অধিদপ্তর জনাব মোঃ শাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) ড. সালমা মমতাজ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব খুরশীদ ইকবাল রেজভী এবং চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জনাব আব্দুল কাইউম সরকার ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন। খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ক্রমপুঞ্জিত অগ্রগতির বিষয়ে করণীয়/ মতামত ব্যক্ত করেন এবং প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করেন। সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে সচিব মহোদয় ও অতিরিক্ত সচিবগণ দিকনির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন। সচিব মহোদয় নির্ধারিত সময়ে কার্যক্রম বাস্তবায়নে তৎপর থাকতে দপ্তর/সংস্থাকে তাগিদ দেন এবং

২০২৩-২০২৪ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য দপ্তর/ সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা ও মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তৎপর থাকতে দিক-নির্দেশনা প্রদান করেন।

**র‍্যাপোর্টিয়ারবৃন্দের পর্যবেক্ষণের ভিত্তিতে কর্মশালায় গৃহিত সুপারিশঃ**

কর্মশালায় উপস্থাপিত প্রবন্ধ ও আলোচনার ভিত্তিতে র‍্যাপোর্টিয়ারবৃন্দ তাদের পর্যবেক্ষণ উপস্থাপন করলে খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার উপর সর্বসম্মতভাবে নিম্নলিখিত ফিডব্যাক প্রদান ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

**খাদ্য অধিদপ্তর**

| কার্যক্রমের নাম | মন্ত্রণালয়ে ফিডব্যাক সংক্রান্ত আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা | নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাহিরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত। | শুদ্ধাচার কর্মপরিকল্পনার গৃহীত কার্যক্রম ব্যতিরেকে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। ৩য় কোয়ার্টারে নির্দেশনা অনুযায়ী নৈতিকতা কমিটি ও ফিডব্যাক সভার সিদ্ধান্ত মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্বে অনুমোদিত কার্যক্রম গ্রহণকরতঃ অর্থবছরে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজন সভা | অংশীজন সমন্বয় সভা আয়োজন মাঠ পর্যায়ে বাস্তবায়নকে অগ্রাধিকার দিতে হবে এবং বিভিন্ন সেক্টরের অধিক সংখ্যক সুফলভোগীকে অন্তর্ভুক্ত করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করা যায়। | অংশীজন সমন্বয় সভা আয়োজন মাঠ পর্যায়ে বাস্তবায়নকে অগ্রাধিকার দিতে হবে এবং বিভিন্ন সেক্টরের অধিক সংখ্যক সুফলভোগীকে অন্তর্ভুক্ত করতে হবে। এ সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | নির্দেশনা মোতাবেক সম্পাদিত | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | (১) ডেঙ্গু প্রতিরোধী পরিচ্ছন্নতা অভিযান সংক্রান্ত বিষয়ে প্রমানক হিসেবে সভার কার্যবিবরণী, অফিস আদেশ, ছবি ও প্রয়োজনীয়উপকরণক্রয়ের বিবরণী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল সংক্রান্ত।<br><br>(২) মহিলাদের জন্য পৃথক ওয়াশ রুমের বিষয়ে বাস্তবায়ন সংক্রান্ত কার্যাদেশ, ছবি ও প্রয়োজনীয় ক্রয়ের বিবরণী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন দাখিল। | ১। সংশ্লিষ্ট কার্যক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী প্রমানকসহ উপস্থাপন/ বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়িত<br><br>বাস্তবায়িত |

| | | |
|---|---|---|
| | (৩) নথি বিনষ্টকরণের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির কার্যবিবরণী,আদেশ ওছবিসহঅন্যান্য প্রমাণক দাখিল। | ৩০.০৬.২০২৩ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং প্রমাণকসহ দাখিল করতে হবে। |
| ১.৬ আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | নোটিশ ও হাজিরা সংযুক্তিসহ প্রমাণক দাখিল সংক্রান্ত। | ফিডব্যাক সভার, নোটিশ ও হাজিরা সংযুক্তসহ পরবর্তী কোয়ার্টারে প্রেরণ করতে হবে। ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়ন করতে হবে। |
| **২.১** ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ১ম ও ৩য় কোয়ার্টার বাস্তবায়িত | |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) যথাযথ বাস্তবায়ন | ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প/রাজস্ব পৃথকভাবে লক্ষ্যমাত্রা/অর্জন উল্লেখ করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী কোয়ার্টারে ক্রয় কার্যক্রম বর্ধিত হারে বাস্তবায়ন করে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত। | লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী কোয়ার্টারে ক্রয় কার্যক্রম বর্ধিত হারে বাস্তবায়ন করে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। পরবর্তী কোয়ার্টারসমূহে রাজস্ব ও প্রকল্পের লক্ষ্যমাত্রা/ অর্জন উপস্থাপনপূর্বক প্রমাণক প্রেরণ করতে হবে। ৬৫% এর স্থলে ৪২.৬০% বাস্তবায়িত।<br><br>* বিষয়টি সভায় আলোচনা করা যেতে পারে। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দিষ্ট খাতে যথানিয়মে ব্যয় নিশ্চিতকরণ সংক্রান্ত। | অর্থ বছরে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ কোয়াটার অর্জন নিশ্চিত করতে হবে। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | বাস্তবায়িত | বাস্তবায়িত |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার,<br>আসবাবপত্র) বিধি মোতাবেক হস্তান্তর করা | ২০২১-২০২২ অর্থবছরে সমাপ্ত হয়নি এমন সকল প্রকল্প এবং ২০২২ সালের ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত প্রকল্পেরসম্পদ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারি ২০০৬ তারিখে ৭২১ নম্বর পরিপত্র মোতাবেক হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং সে মোতাবেক প্রমাণক সংরক্ষণ করতে হবে। একইসাথেসাবেক সংস্থাপন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারি ২০০৬ খ্রি: তারিখের স্মারক নং-সম(পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ ও ১১ ই মে ১৯৯৯ খ্রি: এর স্মারক নং-সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০) মোতাবেক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত। | পরিপত্র মোতাবেক নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকার নির্ধারিত ছক মোতাবেক উপস্থাপন করতে হবে। |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ ও পরিপত্র মোতাবেক যথানিয়মে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং যথাযথ প্রমাণক সংরক্ষণ। | পরিপত্র মোতাবেক নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিতসহ প্রমাণক প্রেরণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ৩.২ কর্মকর্তা/ কর্মচারিদের নিয়মিত উপস্থিতি, কাজের মান ও আচরণ বিবেচনায় ত্রৈমাসিক ভিত্তিতে প্রতি বিভাগ/ ইউনিটে ০১ (এক) জন সেরা কর্মকর্তা/ কর্মচারির তালিকা প্রকাশ। | সেরা কর্মকর্তা/কর্মচারী নির্বাচন প্রক্রিয়া/কমিটির কার্যপরিধি যথাযথভাবে উল্লেখকরত: প্রমাণক প্রেরণ সংক্রান্ত | সেরা কর্মকর্তা/কর্মচারী নির্বাচন প্রক্রিয়া/কমিটির কার্যপরিধি যথাযথভাবে উল্লেখকরত: প্রমাণক সংরক্ষণ/প্রেরণ করতে হবে। |
| ৩.৩ খাদ্য অধিদপ্তর এবং আওতাধীন আঞ্চলিক ও জেলা পর্যায়ের দপ্তরসমূহে দুর্নীতি প্রতিরোধ ও নৈতিক স্লোগান সম্বলিত স্টিকার বিতরণ। | যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে ও নির্ধারিত কোয়ার্টারভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রমাণক সংকান্ত। | নির্ধারিত সময়ে কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন ও প্রমাণক প্রেরণ করতে হবে। |
| ৩.৪ সারাদেশের সাইলো ও সিএসডিসমূহে ওয়েব্রীজ স্কেলসমূহ নিয়মিত বিএসটিআই কর্তৃক ক্যালিব্রেশনপূর্বক ক্যালিব্রেশন সনদ ও ষ্ট্যাম্পিং ষ্টিকার প্রদর্শন নিশ্চিতকরণ। | যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে ও নির্ধারিত কোয়ার্টারভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রমাণক সংক্রান্ত। | সারাদেশে সাইলো ও সিএসডিসমূহের ওয়েব্রিজ স্কেলসমূহ ক্যালিব্রেশন সনদ সংক্রান্ত প্রত্যয়ন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ে কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন ও প্রমাণক প্রেরণ করতে হবে। |

- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০২৩-২০১৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (দপ্তর/সংস্থা) নির্ধারিত সময়ে এই মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দূর্ণীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রমে ক্ষেত্রে জনভোগান্তি আছে বা শুদ্ধাচারের ঘাটতি রয়েছে এমন অনুমোদিত কার্যক্রম গ্রহণ করতে হবে। যা ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়নযোগ্য।
- ২০২২-২০২৩ অর্থ বছরের গৃহিত কার্যক্রমের প্রমাণকসহ অগ্রগতির প্রতিবেদন ৪র্থ কোয়ার্টারে নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

| কার্যক্রমের নাম | মন্ত্রণালয়ে ফিডব্যাক সংক্রান্ত আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা | নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাহিরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তর আলোচনা হয়। কার্যপরিধির বাইরে গৃহীত ব্যবস্থাসহ সকল কার্যক্রমের অগ্রগতি ছকপত্র আকারে উপস্থাপন করা সংক্রান্ত। কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হলে তার যৌক্তিক কারণ উল্লেখ করে নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রতিবেদন দাখিল করতে হবে। সিদ্ধান্তের গুণগত মান বিবেচনা করে নম্বর প্রদান করা হবে। অধিক জনসমাবেশ হয় এমন স্থানে/ হোটেল-রেস্তোরা বহুল এলাকায় মাইকিং/ লিফলেট প্রদানের মাধ্যমে খাদ্য নিরাপদতা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি মূলক কার্যক্রম গ্রহণ করা যায়। | (১)শুদ্ধাচার কর্মপরিকল্পনার গৃহীত কার্যক্রম ব্যতিরেকে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। ৪র্থ কোয়ার্টারে অনুমোদিত কার্যক্রম গ্রহণকরতঃ নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>(২) ৪র্থ কোয়ার্টারে অধিক জনসমাবেশ হয় এমন স্থানে/ হোটেল-রেস্তোরা বহুল এলাকায় মাইকিং/ লিফলেট প্রদানের মাধ্যমে খাদ্য নিরাপদতা সম্পর্কে |

| | | |
|---|---|---|
| | | জনসচেতনতা বৃদ্ধি মূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজন সভা | অংশীজন সমন্বয় সভা আয়োজন মাঠ পর্যায়ে বাস্তবায়নকে অগ্রাধিকার দিতে হবে এবং বিভিন্ন সেক্টরের অধিক সংখ্যক সুফলভোগীকে অন্তর্ভুক্ত করতে হবে। এ সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা সংক্রান্ত। | অংশীজন সমন্বয় সভা আয়োজন মাঠ পর্যায়ে বাস্তবায়নকে অগ্রাধিকার দিতে হবে এবং বিভিন্ন সেক্টরের অধিক সংখ্যক সুফলভোগীকে অন্তর্ভুক্ত করতে হবে। এ সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষক হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে কর্মকর্তা/শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণে TOT কোর্সসম্পন্ন কর্মকর্তাকে মনোনয়ন সংক্রান্ত। | বাস্তবায়িত |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত বিষয়ে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | সংশ্লিষ্ট কার্যক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী প্রমাণকসহ উপস্থাপন করতে হবে। ৪র্থ কোয়ার্টারে গৃহীত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। |
| ১.৬ আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | বাস্তবায়িত | ফিডব্যাক অনুযায়ী মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়ন তদারকি করতে হবে। |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ১ম ও ৩য় কোয়ার্টারে বাস্তবায়িত | |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) যথাযথ বাস্তবায়ন | ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প/রাজস্ব পৃথকভাবে লক্ষ্যমাত্রা/অর্জন উল্লেখ করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী পরবর্তী কোয়ার্টার ২টিতে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা সংক্রান্ত। | ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প/রাজস্ব পৃথকভাবে লক্ষ্যমাত্রা/অর্জন উল্লেখ করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ কোয়ার্টারে ক্রয় কার্যক্রম বর্ধিত হারে বাস্তবায়ন করে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। |
| ২.৩ বাজেট বাস্তবায়ন | বাজেট বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দিষ্ট খাতেযথাসময়েব্যয় নিশ্চিত করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি যথার্থভাবে উপস্থাপন করতে হবে। | অর্থ বছরে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করতে হবে। |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | বাস্তবায়িত | বাস্তবায়িত |

| | | |
|---|---|---|
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ২০২১-২০২২ অর্থবছরে সমাপ্ত হয়নি এমন সকল প্রকল্প এবং ২০২২ সালের ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত প্রকল্পের নাম ও সম্পদের বিবরণ উল্লেখপূর্বক নির্ধারিত ছকেসংযোজনী দিতে হবে। সে বিষয়ে সংক্ষেপে প্রকল্পসমূহের নাম মন্তব্য কলামে উল্লেখ করতে হবে। সাবেক সংস্থাপন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারি ২০০৬ খ্রি: তারিখের স্মারক নং-সম(পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ ও ১১ ই মে ১৯৯৯ খ্রি: এর স্মারক নং-সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০) মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২০২২-২০২৩ এর মূল্যায়ন নির্দেশিকা ও মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | পরিপত্র মোতাবেক নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। |
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | পরিবহণ পরিচালনার জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করতে হবে। পরিপত্রের নির্দেশনা মোতাবেক যথানিয়মে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং যথাযথ প্রমানক সংরক্ষণ। | পরিপত্র মোতাবেক নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিতসহ প্রমাণক প্রেরণ করতে হবে। |
| ৩.২ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার প্রেস বিজ্ঞপ্তি ওয়েবসাইট ও সোস্যাল মিডিয়ায় প্রকাশ | বাস্তবায়িত | নির্ধারিত সময়ে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| ৩.৩ হিসাব শাখার স্বচ্ছতা নিশ্চিতের জন্য একাউন্টিং সফটওয়ার চালুকরণ। | যথাযথ প্রমানক সংরক্ষণ করতে হবে ও নির্ধারিত কোয়ার্টারভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রমাণক সংক্রান্ত। | নির্ধারিত সময়ে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রমাণক প্রেরণ করতে হবে। |
| ৩.৪ নিজস্ব হটলাইন সংযোজন | যথাযথ প্রমানক সংরক্ষণ করতে হবে ও নির্ধারিত কোয়ার্টারভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রমাণক সংযুক্ত করতে হবে। | ৪র্থ কোয়ার্টারে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রমাণক প্রেরণ করতে হবে। |

- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০২৩-২০১৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (দপ্তর/সংস্থা) নির্ধারিত সময়ে এই মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- শুদ্ধাচার প্রতিষ্ঠা ও দূর্ণীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রমে ক্ষেত্রে জনভোগান্তি আছে বা শুদ্ধাচারের ঘাটতি রয়েছে এমন অনুমোদিত কার্যক্রম গ্রহণ করতে হবে। যা ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়নযোগ্য।
- ২০২২-২০২৩ অর্থ বছরের গৃহিত কার্যক্রমের প্রমাণকসহ অগ্রগতির প্রতিবেদন ৪র্থ কোয়ার্টারে নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

খাদ্য মন্ত্রণালয়

(১) আদর্শ কর্মপরিবেশ ও ডেস্ক ব্যবস্থাপনাসহ সার্বিক কার্যক্রম হালনাগাদকরণ;

(২) সরকারি ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা আণয়নে মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের ToT কোর্স;

(৩) খাদ্য ও পুষ্টি সংক্রান্ত স্টান্ডার্ড প্যারামিটার/ দাপ্তরিক অন্যান্য তথ্যাদি কর্মকর্তাদেরকে অবহিতকরণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও স্বচ্ছতা আণয়ন;

খাদ্য অধিদপ্তর

(১) ওএমএস এ প্রান্তিক ভুক্তভোগী আটা ও চাল সংগ্রহকারীদেরকে নিয়ে সভা/ সেমিনারের মাধ্যমে মোবাইল নম্বর/ হটলাইন নম্বর ডিলারের ব্যানারে সংযুক্ত করা। যাতে করে অভিযোগ করা সহজীকরণ হয়। ১৬১৫৫/ ৯৯৯ নম্বরে ফোন দিলে দ্রুত সেবা/ অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা নেয়া যায়;

(২) ঠিকাদারদের জামানত সংক্রান্ত স্ট্যাটাস হালনাগাদকরণ ও প্রকাশ;

(৩) সাইলো/ খাদ্য গুদামে বিতরণকৃত বস্তায় তারিখ উল্লেখপূর্বক সীল এবং সরবরাহকারীকে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রত্যয়নপত্র প্রদান।

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

(১) ওয়েবসাইট/ সোসাল মিডিয়াতে মোবাইল কোর্ট পরিচালনার প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ;

(২) খাদ্য রপ্তানির ক্ষেত্রে অনলাইনে খাদ্য পণ্যের স্বাস্থ্য সনদের আবেদন;

(৩) ১৬১৫৫ হটলাইনের মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ে সেবা প্রদান;

(৪) অনলাইন নিরাপদ খাদ্য পরিদর্শন রিপোর্টিং সিষ্টেম।

সচিব, খাদ্য মন্ত্রণালয় ও মূল প্রবন্ধ উপস্থাপক ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে অগ্রগতির প্রতিবেদন দাখিল সংক্রান্ত বিষয়সহ প্রমানক সংরক্ষণ ও উপস্থাপন বিষয়ে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন ও দপ্তর/ সংস্থার ২০২২-২০২৩ অর্থবছরের মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা/ পরিপত্র অনুসরণ করার জন্য অনুরোধ জানান।

মন্ত্রণালয়ের শুদ্ধাচার কার্যক্রমে ধারাবাহিক অগ্রগতি অব্যাহত রাখতে তৎপর থাকতে অনুরোধ করেন। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয়/ খাদ্য অধিদপ্তর ও নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নির্বাচিত সংশ্লিষ্ট কর্মকর্তাদের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিষয়ক সফটওয়্যার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

অতঃপর সভাপতি ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনুমোদিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও ওয়েবসাইটে আপলোড (প্রযোজ্য ক্ষেত্রে) করার জন্য নির্দেশনা প্রদান করেন। একই সাথে মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৪/২৩
(মো. আমিনুল ইসলাম হাজারী)
প্রশাসনিক কর্মকর্তা

৩০/০৪/২০২৩
(হাসান আল মামুন)
সহকারী প্রোগ্রামার

৩০/৪/২০২৩
সৌরেন্দ্র নাথ সাহা
যুগ্মসচিব
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা